

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৮৪.১১.০০১.২০.৪১৭

তারিখ: ১ কার্তিক ১৪৩০

১৭ অক্টোবর ২০২৩

বিষয়: কারা অধিদপ্তরাধীন সরাসরি নিয়োগযোগ্য ডেপুটি জেলার ও মহিলা ডেপুটি জেলার পদের ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২২.০১.০০১.২০২৩-১০৭৯, তারিখ : ১২ অক্টোবর ২০২৩।

কারা অধিদপ্তরের রাজস্বখাতে সরাসরি নিয়োগযোগ্য নিম্নহকে বর্ণিত ০৭টি ডেপুটি জেলার ও ০৫টি মহিলা ডেপুটি জেলার শূন্য পদ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ নভেম্বর ২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বিধি মোতাবেক সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

ক্রম	পদের নাম	বেতন স্কেল ও গ্রেড (জা: বে: স্কেল-২০১৫ অনুযায়ী)	মঞ্জুরিকৃত পদসংখ্যা	পূরণ কৃত পদসংখ্যা	শূন্য পদের সংখ্যা	১০% সংরক্ষণ রেখে ছাড়পত্র প্রদানযোগ্য পদ সংখ্যা	সরাসরি নিয়োগের ক্ষেত্রে ছাড়পত্র প্রদানকৃত পদ
১	২	৩	৪	৫	৬ (৪- ৫)	৭	৮ (৬- ৭))
১.	ডেপুটি জেলার	১২,৫০০-৩০,২৩০ /- ১১তম গ্রেড	১৫৫	১৪৮	০৭	--	০৭
২.	মহিলা ডেপুটি জেলার	১২,৫০০-৩০,২৩০ /- ১১তম গ্রেড	২৭	২২	০৫	--	০৫
	মোট		১৮২	১৭০	১২	--	১২

শর্তাবলি:

(ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ অক্টোবর ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০-২৪৯ নং পরিপত্রের ৪(ক) অনুযায়ী এ ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০২ (দুই) বছর। তবে সরকারি কর্ম কমিশন সচিবালয় যদি কোন কারণে সুবিধাজনক সময়সীমার মধ্যে সুপারিশ প্রেরণ করতে অসমর্থ হয়, তবে সুপারিশ প্রেরণের পর হতে ০১ (এক) বৎসরের মধ্যে পদসমূহ পূরণ করতে হবে;

(গ) প্রাপ্ত প্রস্তাবে মঞ্জুরিকৃত ও শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ দেয়া হলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে;

(ঘ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী নিজস্ব অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি শ্রেণির


পদের বিপরীতে মঞ্জুরিকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

(ঙ) ছাড়কৃত পদগুলি পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/ আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/ অনুসরণ করতে হবে;

(চ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংশোধন সংক্রান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ অক্টোবর ২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮-২৭৬ নং পরিপত্র অনুসরণ করতে হবে;

(ছ) ছাড়কৃত পদসমূহ পূরণ করার ১৫ কার্য দিবসের মধ্যে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা-১ শাখা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখা ও পরিসংখ্যান ও গবেষণা কোষকে অবহিত করতে হবে; এবং

(জ) শূন্য পদসমূহ পূরণের ক্ষেত্রে বিদ্যমান সকল আইন-কানুন, বিধি-বিধান অবশ্যই অনুসরণ করতে হবে। আইন ও বিধি-বিধানের কোনরূপ ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে।



১৭-১০-২০২৩

তাহনিয়া রহমান চৌধুরী

উপসচিব

কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

ফোন: +৮৮০২-২২৩৩৯০৯৪১

ফ্যাক্স: ৯৫৭৪৪৯৯

ইমেইল: jail1@ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৮৪.১১.০০১.২০.৪১৭/১(৮)

তারিখ: ১ কার্তিক ১৪৩০
১৭ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৩) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হিসাব ভবন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭) উপসচিব, পরিসংখ্যান ও গবেষণা কোষ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



১৭-১০-২০২৩

তাহনিয়া রহমান চৌধুরী

উপসচিব